



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৫ মার্চ ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

দীঘিনালায় সেনা হেফাজতে ইউপিডিএফ নেতাকে হত্যার প্রতিবাদে বিভিন্ন স্থানে বিক্ষোভ

খাগড়াছড়ির দীঘিনালায় সেনা হেফাজতে অমানুষিক নির্যাতন চালিয়ে ইউপিডিএফ সংগঠক নবায়ন চাকমা ওরফে মিলন চাকমাকে হত্যার প্রতিবাদে খাগড়াছড়ি সদরসহ বিভিন্ন জায়গায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। এছাড়া দীঘিনালা, বাঘাইছড়ি ও সাজেকে পালিত হয়েছে সড়ক অবরোধ কর্মসূচি।

উল্লেখ্য, আজ মঙ্গলবার (১৫ মার্চ ২০২২) ভোররাত সাড়ে ৩টার দিকে দীঘিনালা উপজেলার ৪নং দীঘিনালা ইউনিয়নের ১নং ওয়ার্ডের বাগানপাড়া এলাকার মনিভদ্র কার্বারী পাড়ায় দীঘিনালা জোনের একদল সেনা তাদের সৃষ্ট কয়েকজন দুর্বৃত্তকে সাথে নিয়ে নবায়ন চাকমা মিলনকে আটক করে অমানুষিক নির্যাতন চালায়। পরে মুমূর্ষু অবস্থায় সেনারা তাকে দীঘিনালা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করলে সেখান তাঁর মৃত্যু হয়।

তাঁর আটক ও মৃত্যুর খবর জানাজানি হলে তাৎক্ষণিকভাবে দীঘিনালা, বাঘাইছড়ি ও সাজেকে সড়ক অবরোধ কর্মসূচির ঘোষণা দেয় ইউপিডিএফ'র স্থানীয় ইউনিটগুলো। সন্ধ্যা পর্যন্ত তারা অবরোধ পালন করে।

অপরদিকে, হত্যাকাণ্ডের প্রতিবাদে আজ বিকালে খাগড়াছড়ি উপজেলা সদর, পানছড়ি, লক্ষ্মীছড়ি, গুইমারা, রামগড়, বাঘাইছড়ি ও সাজেকে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে ইউপিডিএফ ও তার সহযোগী তিন সংগঠনের নেতা-কর্মীরা।

এসব জায়গায় অনুষ্ঠিত প্রতিবাদ সমাবেশ থেকে বক্তারা ইউপিডিএফ সংগঠক নবায়ন চাকমা ওরফে মিলনকে বর্বরোচিত নির্যাতন চালিয়ে বিচার বহির্ভূতভাবে হত্যার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান।

বক্তারা বলেন, ফ্যাসিস্ট আওয়ামী লীগ সরকার পার্বত্য চট্টগ্রামের জনগণের মুখপাত্র সংগঠন ইউপিডিএফ-এর কণ্ঠকে রুদ্ধ করার জন্য রাষ্ট্রীয় বাহিনীকে ব্যবহার করেছে। যার কারণে তারা বিনা বিচারে ইউপিডিএফ নেতা-কর্মীদের হত্যা করেছে। আজকে যেভাবে বর্বরোচিতভাবে নির্যাতন চালিয়ে তারা ইউপিডিএফ নেতা মিলনকে হত্যা করা হয়েছে, এর আগে একই কায়দায় তারা নান্যাচরে পিসিপি নেতা রমেল চাকমাকেও নির্যাতন চালিয়ে হত্যা করেছে। এছাড়া এযাবত তারা আরো বহু নেতা-কর্মীকে বিনা বিচারে হত্যা করেছে। বিচার বহির্ভূত হত্যাকাণ্ড ঘটিয়ে তারা দেশের আইনকে পদদলিত করেছে। সরকারকে এই বিচার বহির্ভূত হত্যাকাণ্ডের জন্য অবশ্যই জনগণের কাছে জবাবদিহি করতে হবে।

বক্তারা পার্বত্য চট্টগ্রামে জাতিগত নিপীড়নকে জায়েজ করতে রাষ্ট্রীয় সন্ত্রাস চালানো হচ্ছে বলেও অভিযোগ করেন। তারা বলেন, পার্বত্য চট্টগ্রামে বিচার বহির্ভূত হত্যা ছাড়াও অন্যায ধরপাকড়, রাত-বিরাতে নিরীহ জনসাধারণের ঘরবাড়িতে তল্লাশি, অস্ত্র গুজে দিয়ে মিথ্যা মামলায় ফাঁসিয়ে জেলে প্রেরণ, সশস্ত্র দুর্বৃত্তগোষ্ঠীকে মদদ ও আশ্রয়-প্রশ্রয় দিয়ে খুন, গুম, অপহরণ, নারী নির্যাতন, ভূমি দেখল এখন নিত্য নৈমিত্তিক ঘটনায় পরিণত হয়েছে।

বক্তারা বলেন, ইউপিডিএফ'র নেতা-কর্মীদের হত্যা করে পূর্ণস্বায়ত্তশাসনের সংগ্রামকে বাধাগ্রস্ত করা যাবে না। রাষ্ট্রীয় সন্ত্রাস ও অন্যায়-অবিচারের বিরুদ্ধে জনগণকে সাথে নিয়ে আন্দোলন চলবে। যতই দমন-পীড়ন চালানো হবে ততই জনগণের আন্দোলন জোরদার হবে বলে বক্তারা দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

বিভিন্ন স্থানে অনুষ্ঠিত সমাবেশ থেকে বক্তারা অবিলম্বে সেনা হেফাজতে ইউপিডিএফ নেতা নবায়ন চাকমা মিলনসহ এ যাবত বিনা বিচারে হত্যার ঘটনায় জড়িত সেনা কর্মকর্তাদের বিচার, রাষ্ট্রীয় সন্ত্রাস বন্ধ করা ও পার্বত্য চট্টগ্রাম থেকে সেনাশাসন প্রত্যাহারপূর্বক সুষ্ঠু গণতান্ত্রিক পরিবেশ সৃষ্টির দাবি জানান।

খাগড়াছড়ি সদর: “পার্বত্য চট্টগ্রামে রাষ্ট্রীয় সন্ত্রাস ও বিনা বিচারে হত্যা বন্ধ কর” এই স্লোগানে আজ মঙ্গলবার বিকালে খাগড়াছড়ি উপজেলা সদর এলাকায় বিক্ষোভ মিছিল করে পাহাড়ি ছাত্র পরিষদ, গণতান্ত্রিক যুব ফোরাম ও হিল উইমেন্স ফেডারেশন। মিছিল পরবর্তী সমাবেশে বক্তব্য রাখেন, পাহাড়ি ছাত্র পরিষদের জেলা সাধারণ সম্পাদক শান্ত চাকমা, গণতান্ত্রিক যুব ফোরামের জেলা সহ-সভাপতি লিটন চাকমা। এছাড়া আরো উপস্থিত ছিলেন হিল উইমেন্স ফেডারেশন এর জেলা আহ্বায়ক এন্টি চাকমা।

পানছড়ি : দীঘিনালায় সেনা হেফাজতে ইউপিডিএফ সংগঠক নবায়ন চাকমা মিলনকে হত্যার প্রতিবাদে পানছড়িতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ) পানছড়ি ইউনিট। আজ বিকালে পানছড়ি উপজেলার পুজগাং-এর মনিপুর এলাকা থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি বড়কলকে এসে শেষ হয় এবং সেখানে এক প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে পাহাড়ি ছাত্র পরিষদের পানছড়ি উপজেলা শাখার সাধারণ সম্পাদক সুনীল চাকমার সঞ্চালনায় বক্তব্য রাখেন ইউপিডিএফ'র পানছড়ি উপজেলা ইউনিটের সংগঠক সন্মিট চাকমা ও গণতান্ত্রিক যুব ফোরামের খাগড়াছড়ি জেলা শাখার সহসাধারণ সম্পাদক পিংকু চাকমা।

লক্ষ্মীছড়ি : দীঘিনালায় ইউপিডিএফ সংগঠক হত্যার প্রতিবাদে লক্ষ্মীছড়ি উপজেলার সদর ইউনিয়ন, দুলাতলী ও বর্মাছড়ি ইউনিয়নের কুতুকছড়ি এলাকায় এই বিক্ষোভ অনুষ্ঠিত হয়।

মিছিল পরবর্তী পৃথক পৃথকভাবে অনুষ্ঠিত সমাবেশসমূহে বক্তব্য রাখেন পাহাড়ি ছাত্র পরিষদের লক্ষ্মীছড়ি উপজেলা সভাপতি রুপান্ত চাকমা, গণতান্ত্রিক যুব ফোরামের উপজেলা সাধারণ সম্পাদক মিঠুন চাকমা, হিল উইমেন্স ফেডারেশনের সদস্য মধুমালী চাকমা, জাতিসত্তা মুক্তি সংগ্রাম পরিষদের নেতা বিনোদ মুন্ডা ও ইউপিডিএফ সংগঠক নিরব চাকমা।

গুইমারা : আজ বিকাল ৪টায় দীঘিনালায় সেনা হেফাজতে ইউপিডিএফ নেতা হত্যার প্রতিবাদে ইউপিডিএফ'র গুইমারা-মাটিরঙ্গা ইউনিটের উদ্যোগে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। এত বক্তারা অভিযোগ করেন সরকার সেনাবাহিনীকে দিয়ে বিচার বহির্ভূতভাবে যাকে ইচ্ছে তাকে হয় গুলি করে নয় নির্যাতন চালিয়ে হত্যা করছে। সরকারকে অবিলম্বে এই রাষ্ট্রীয় সন্ত্রাস বন্ধ করতে হবে।


রামগড় : দীঘিনালায় সেনা হেফাজতে নির্যাতন চালিয়ে ইউপিডিএফ সংগঠক নবায়ন চাকমা ওরফে মিলন-কে হত্যার প্রতিবাদে আজ বিকালে রামগড়ে তাৎক্ষণিক বিক্ষোভ অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য রাখেন গণতান্ত্রিক যুব ফোরামের রামগড় উপজেলা সাধারণ সম্পাদক লিটন চাকমা ও পাহাড়ি ছাত্র পরিষদের রামগড় উপজেলা সভাপতি অসীম চাকমা।

সাজেক ও বাঘাইছড়ি: দীঘিনালায় সেনাবাহিনী কর্তৃক অমানুষিক নির্যাতন চালিয়ে ইউপিডিএফ সংগঠক নবায়ন চাকমা মিলনকে হত্যার প্রতিবাদে আজ বিকালে রাঙামাটির সাজেক ও বাঘাইছড়িতে তাৎক্ষণিকভাবে বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ করেছ ইউপিডিএফ। সাজেকের গঙ্গারাম ও মাচলং এলাকায় এবং বাঘাইছড়ি উপজেলা সদর এলাকায় ইউপিডিএফের স্থানীয় ইউনিটসমূহ এই বিক্ষোভের আয়োজন করে।

সাজেকের গঙ্গারাম এলাকায় প্রতিবাদ সমাবেশে কমন চাকমার চঞ্চলনায় বক্তব্য রাখেন সাজেক ইউনিটের ইউপিডিএফ সংগঠক আর্জেন্ট চাকমা। মাচলং এলাকায় অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন ইউপিডিএফ সংগঠক প্রান্তিক চাকমা।

অপরদিকে বাঘাইছড়ি উপজেলা সদর এলাকায়ও প্রতিবাদ সমাবেশ করেছে ইউপিডিএফ বাঘাইছড়ি ইউনিট। লক্ষ্মীমিত্র চাকমার সঞ্চলনায় এতে বক্তব্য রাখেন রিয়েল চাকমা ও গণতান্ত্রিক যুব ফোরামের বাঘাইছড়ি উপজেলা সভাপতি রত্ন জ্যোতি চাকমা।

বার্তা প্রেরক



নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।